

ডাকসুর এমন প্রশ্নবিদ্ধ নির্বাচন দুঃখজনক

নিজস্ব প্রতিবেদক ১৩ মার্চ ২০১৯ ০৯:০৭



ঢাকা বিশ্ববিদ্যালয়ের সাবেক ভিসি অধ্যাপক ড. এসএমএ ফায়েজ ডাকসুর নির্বাচন প্রশ্নবিদ্ধ হওয়াকে দুঃখজনক মন্তব্য করে বলেন, নির্বাচন সুষ্ঠু ও গ্রহণযোগ্য করার সুযোগ ছিল। গতকাল আমাদের সময়ের সঙ্গে আলাপে এভাবেই প্রতিক্রিয়া ব্যক্ত করেন তিনি।

এসএমএ ফায়েজ বলেন, দীর্ঘ ২৮ বছর পর ডাকসুর নির্বাচন অনুষ্ঠিত হয়েছে। কিন্তু নির্বাচন নিয়ে প্রশ্ন উঠেছে। নির্বাচন ভালো করার অনেক সুযোগ ছিল। বিশ্ববিদ্যালয়ের ভিসি যদি প্রতিযোগী সব গ্রুপের মতকে সম্মানের সঙ্গে দেখতেন এবং সে অনুযায়ী পদক্ষেপ নিতেন, তা হলে এমন পরিস্থিতির সৃষ্টি হতো না। তিনি বলেন, তবে এত কিছু পরও একটি জিনিস আমার ভালো লেগেছে, তা হলো নির্বাচিত ভিপি নুরুল হক নুরকে পরাজিত ভিপি প্রার্থী ছাত্রলীগের সভাপতি রেজওয়ানুল হক শোভন অভিনন্দন জানিয়েছেন।

ঢাকা বিশ্ববিদ্যালয় ভিসিকে নির্বাচনের ভুলত্রুটিগুলো স্বীকার করে নেওয়ার পরামর্শ দিয়ে এসএমএ ফায়েজ বলেন, যদি ছাত্রছাত্রীদের ভুলত্রুটি থাকে, সেগুলো ধরিয়ে দেওয়া। আর আগামী দিনে প্রতিযোগী সব প্রার্থী ও সংগঠনকে আস্থায় নেওয়াই হবে বড় চ্যালেঞ্জ। ক্যাম্পাসে সবার বিচরণও অবাধ করতে হবে। এসএমএ ফায়েজ বলেন, ডাকসুর নতুন নেতৃত্বের কাছে আমার প্রত্যাশা থাকবে সবার আগে ঢাকা বিশ্ববিদ্যালয়ের স্বার্থকে প্রাধান্য দেওয়া।